

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট

জয়দেবপুর, গাজীপুর

স্মারক নং-নি-০৫/২০১৪/প্রশাসন/ ১৬০ ৩৫

তারিখঃ ৫/১/১৮

মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা
মসলা গবেষণা কেন্দ্র
শিবগঞ্জ, বগুড়া

বিষয়ঃ মসলা গবেষণা কেন্দ্র, শিবগঞ্জ, বগুড়া কেন্দ্রের খন্ডকালীন ডাক্তার নিয়োগের অনুমতি প্রসঙ্গে

সূত্রঃ আপনার স্মারক নং-মগকে-১/২০১৮/২১৩১ তারিখঃ ১৭-০৪-২০১৮ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, অত্র কার্যালয়ের ২৩-১০-১৯৯১ খ্রি. তারিখের নি-৫-৯০/প্রশাসন/৫১২৭(১২০) সংখ্যক পরিপত্রে শর্তানুযায়ী নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণের জন্য মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, মসলা গবেষণা কেন্দ্র, শিবগঞ্জ, বগুড়াকে অনুরোধ জানানো যেতে পারেঃ

- (ক) স্থানীয় পত্রিকার মাধ্যমে মাসিক পারিশ্রমিক সর্বোচ্চ ১০,০০০/- (দশ হাজার টাকা) মাত্র উল্লেখ্য পূর্বক নিয়োগ বিজ্ঞপ্তি জারি করে স্থানীয় সকল অফিস/সংস্থা/প্রতিষ্ঠানে প্রেরণ করতে হবে এবং মহাপরিচালক মহোদয়কে অনুলিপি দিতে হবে;
- (খ) ১৪ (চৌদ্দ) দিনের সময় দিয়ে দরখাস্ত আহবান করতে হবে;
- (গ) কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাকে সভাপতি করে ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট বাছাই কমিটি গঠন করতে হবে এবং উক্ত কমিটিতে সিভিল সার্জন অথবা সিভিল সার্জন কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি থাকতে হবে;

২। প্রার্থীদের মৌখিক পরীক্ষা/সাক্ষাৎকার গ্রহণ পূর্বক বাছাই কমিটির সুপারিশ সম্বলিত প্যানেল (স্কোরশীটসহ) চূড়ান্ত অনুমোদনের নিমিত্ত মহাপরিচালক মহোদয়ের নিকট প্রেরণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে।



(মোঃ মাহমুদুল হাসান)

সিনিয়র সহকারী পরিচালক (প্রশাসন) (অ. দা.)

ফোনঃ ৪৯২৭০০১০/৫৪৯২

অনুলিপিঃ

১. পরিচালক (সেবা ও সরবরাহ), বা,কৃ,গ,ই, জয়দেবপুর, গাজীপুর
২. মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, এএসআইসিটি বিভাগ, বা,কৃ,গ,ই, জয়দেবপুর, গাজীপুর (ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)
৩. উপ-পরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), বা,কৃ,গ,ই, জয়দেবপুর, গাজীপুর
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বা,কৃ,গ,ই, জয়দেবপুর, গাজীপুর
৫. মাষ্টার ফাইল
৬. সংশ্লিষ্ট নথি।